গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুলাউড়া, মৌলভীবাজার
www.kulaura.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৬৫.০০১.০৮.০০২.২৬- ৭৪৮ তারিখঃ ২৮/০৪/২০২৬খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগের ১৩/১১/২০১৬খ্রি. তারিখের প্রজ্ঞাপন নং- এস.আর.ও ৩৩৬-আইন/২০১৬ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন-২০০৯ (২০০৯ সনের ৬১ নংআইন) ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুযায়ী কুলাউড়া উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের ওয়ার্ডভিত্তিক শূন্য পদের বিপরীতে ৩১ জন জন গ্রামপুলিশ (মহল্লাদার) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইউনিয়নাধীন স্ব স্ব ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | ইউনিয়নের নাম | পদের নাম | শূন্য পদের সংখ্যা | ওয়ার্ড নং | পদের বিপরীতে মাসিক বেতন | শিক্ষাগত যোগ্যতা ও শারীরিক মাপ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১নং বরমচাল ইউপি | মহল্লাদার | ০২ জন | ০৪, ০৬ | ৭৫০০/- (সাত হাজার পাঁচশত ) (সরকারী অংশ ৩৭৫০/-টাকা এবং ইউনিয়ন পরিষদ অংশ ৩৭৫০/- টাকা) | সর্বনিম্ন অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা (জেডিসি) সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-সর্বনিম্ন উচ্চতা-৫ফুট২ইঞ্চি বুকের মাপ: স্বাভাবিক ৩০ ইঞ্চি সম্প্রসারণ: ৩২ ইঞ্চি সর্বনিম্ন ওজন : ৫০ কেজি মহিলা প্রার্থীর ক্ষেত্রে- সর্বনিম্ন উচ্চতা ৫ফুট বুকের মাপ: স্বাভাবিক ২৮ ইঞ্চি সম্প্রসারণ : ৩০ ইঞ্চি সর্বনিম্ন ওজন: ৪৫ কেজি |
| ০২ | ২নং ভূকশিমইল ইউপি | ঐ | ০৫ জন | ০১,০৪,০৬,০৮,০৯ | | |
| ০৩ | ৩নং ভাটেরা ইউপি | ঐ | ০৪ জন | ০২, ০৩,০৫,০৭ | | |
| ০৪ | ৪নং জয়চন্ডী ইউপি | ঐ | ০১ জন | ০৬ | | |
| ০৫ | ৫নং ব্রাহ্মণবাজার ইউপি | ঐ | ০২ জন | ০১, ০৬ | | |
| ০৬ | ৬নং কাদিপুর ইউপি | ঐ | ০৩ জন | ০২, ০৫, ০৯ | | |
| ০৭ | ০৭নং কুলাউড়া ইউপি | ঐ | ০১ জন | ০৭ | | |
| ০৮ | ৮নং রাউৎগাঁও ইউপি | ঐ | ০৫ জন | ৩,৪,৫,৭,৮ | | |
| ০৯ | ৯নং টিলাগাঁও ইউপি | ঐ | ০১জন | ০২ | | |
| ১০ | ১০নং হাজীপুর ইউপি | ঐ | ০২জন | ০৫, ০৯ | | |
| ১১ | ১১নং শরীফপুর ইউপি | ঐ | ০২জন | ০৪, ০৯ | | |
| ১২ | ১২নং পৃথিমপাশা ইউপি | ঐ | ০১জন | ০৫ | | |
| ১৩ | ১৩নং কর্মধা ইউপি | ঐ | ০২জন | ০৫, ০৬ | | |
| | | মোট | ৩১ জন | ৩১ | | |

আবেদনের শর্তাবলী:

০১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা/(যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।

০২। প্রার্থীর উচ্চতা- (ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে- কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি, (স্বাভাবিক অবস্থায়) ৩২ ইঞ্চি, (সম্প্রসারণ অবস্থায়) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি; (খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে- কমপক্ষে ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি, (স্বাভাবিক অবস্থায়) ৩০ ইঞ্চি, (সম্প্রসারণ অবস্থায়) ও ওজন সর্বনিম্ন ৪৫ কেজি এবং প্রার্থীকে সুঠাম দেহের অধিকারী হতে হবে।

০৩। প্রার্থীকে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যেকোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে মূলকপি সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

খ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদপত্রের অনুলিপি।

CamScanner

গ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি ।
ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ।
ঙ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি।

০৫। কোটার ক্ষেত্রে সরকার নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হবে।

০৬। আবেদনকারীর বয়স ০১/০৬/২০২৬খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮-৩২বছরের মধ্যে হতে হবে (এক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সর্বশেষ আদেশ/পরিপত্র/প্রজ্ঞাপন অনুসরণ করা হবে) । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭। আবেদনকারীকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ০১/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) সরাসরি/ডাকযোগে আবেদনপত্র দাখিল করতে হবে ।

০৮। শূন্য পদে মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে মৃত/অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।

০৯। সন্তোষজনক পুলিশি ভেরিফিকেশন রিপোর্ট এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে । নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য সময়ে সময়ে এ কার্যালয়ে ওয়েবপোর্টালে (www.kulaura.moulvibazar.gov.bd) প্রচার করা হবে ।

১২। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৩। আবেদন গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন সিদ্ধান্ত/সংশোধন/পরিবর্তন/নিয়োগ স্থগিত ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৮/৪/২৬

(মোঃ মহিউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার
মোবাইলনং-০১৭৩০-৩৩১০৭৪
unokulaura@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৬৫.০০১.০৮.০০২.২৬-৭৪৮(৫০) তারিখঃ২৮/০৪/২০২৬খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার
০৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার
০৪। অফিসার ইনচার্জ, কুলাউড়া থানা ,মৌলভীবাজার
০৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুলাউড়া, মৌলভীবাজার
০৬। উপজেলা .......................কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার
০৭। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুলাউড়া (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)
০৮। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার
০৯। চেয়ারম্যান......................ইউপি (সকল), কুলাউড়া, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি তাঁর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়ন ও হাটবাজারে ঢোল-সহরত এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সম্পাদক ..........................বিজ্ঞপ্তিটি শর্তাবলী ছাড়া স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১১। অফিস কপি।

২৮/৪/২৬

(মোঃ মহিউদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
কুলাউড়া, মৌলভীবাজার

CamScanner